-৫৫-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
**স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP)**
প্রবাসী কল্যাণ ভবন (১৬ তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.seip-fd.gov.bd

নং- SEIP/বিবিধ/58(Part-2)/2014-2015/866 তারিখঃ ৩০ মে ২০১৮খ্রিঃ

**বিষয়ঃ Trainee Management System (TMS)-এ Data Entry ও Milestone Claim সংক্রান্ত নির্দেশনা।**

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) শীর্ষক প্রকল্পের আওতায় সকল প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এখন হতে Trainee Management System (TMS)-এ Data Entry ও Milestone Claim সংক্রান্ত নিম্নেবর্ণিত নির্দেশনা অনুসারে (ক) Enrollment (খ) মূল্যায়ন ও সনদায়ন (গ) Job Placement এবং (ঘ) Milestone Claim সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করতে হবে:

## (ক) Enrollment সংক্রান্ত নির্দেশনা:

(১) যে সকল প্রশিক্ষণ কোর্সের সময়কাল দেড় মাস বা এর চেয়ে কম, সে সকল কোর্স আরম্ভ হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে enrollment সংক্রান্ত তথ্যাদি TMS-এ Upload করতে হবে;

(২) যে সকল প্রশিক্ষণ কোর্সের সময়কাল দেড় মাস বা এর অধিক, সে সকল কোর্স আরম্ভ হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে enrollment সংক্রান্ত তথ্যাদি TMS-এ Upload করতে হবে;

(৩) যে সকল প্রশিক্ষণ কোর্স ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখের অব্যবহিত পূর্বে বা সমসাময়িক সময়ে শুরু হয়েছে সে সকল প্রশিক্ষণ কোর্সের ২০ বছরের উর্ধ্বে প্রশিক্ষণার্থীদের ক্ষেত্রে NID-এর পরিবর্তে BCN ব্যবহার করা যেতে পারে। তবে এক্ষেত্রে কেস-বাই-কেস ভিত্তিতে SEIP অফিসে প্রশিক্ষণার্থীদের তথ্য প্রেরণ করা হলে SEIP অফিস তা যাচাই অন্তে ডাটাবেজের Back-end-এ প্রশিক্ষণার্থীদের enrollment data upload করার ব্যবস্থা গ্রহণ করবে।

## (খ) মূল্যায়ন ও সনদায়ন (Assessment & Certification) সংক্রান্ত নির্দেশনা:

(১) প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার পূর্বে এমনভাবে প্রশিক্ষণ পরিকল্পনা (Training Plan) প্রণয়ন করতে হবে যাতে নির্দিষ্ট প্রশিক্ষণ মেয়াদের (Training Duration) মধ্যে Competency Standards অনুযায়ী প্রশিক্ষণ, মূল্যায়ন ও সনদায়ন কার্যক্রম সম্পন্ন করা যায়;

(২) প্রশিক্ষণ পরিকল্পনা অনুসারে প্রশিক্ষণ মেয়াদের শেষ ১০ দিনের মধ্যে মূল্যায়ন কার্যক্রম ও সনদায়ন সম্পন্ন করে পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে এ সংক্রান্ত তথ্যাদি TMS-এ সন্নিবেশ করতে হবে;

(৩) কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান শেষ ১০ দিনের মধ্যে উপরোক্ত কার্যক্রম (মূল্যায়ন ও সনদায়ন) বিশেষ যৌক্তিক কারণে সম্পন্ন করতে না পারলে SDCMU এর পূর্বানুমোদন সাপেক্ষে প্রশিক্ষণ শেষ হবার ০৭ দিনের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে এবং মূল্যায়ন সংক্রান্ত তথ্যাবলী উক্ত ৭ (সাত) দিনের মধ্যে TMS-এ সন্নিবেশিত (Upload) করার ব্যবস্থা করবে;

(৪) প্রশিক্ষণ মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য মূল্যায়নকারীকে অবশ্যই BTEB অথবা Project Standing Committee'র সভাপতি কর্তৃক ইস্যুকৃত সনদপ্রাপ্ত হতে হবে।

(৫) PTIs ও IAs-এর অধীনস্থ সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থীদের তথ্যাদি TMS-এ Upload করার ক্ষেত্রে ৭৯.৫% বা তদুর্ধ্ব উপস্থিতিকে ৮০% হিসেবে গণ্য করা যাবে;

## (গ) Job Placement সংক্রান্ত নির্দেশনা:

(১) প্রশিক্ষণ কার্যক্রম শেষ হওয়ার পর প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন (assessment) সম্পন্ন হওয়ার অব্যবহিত পরের দিন থেকে চাকুরী প্রাপ্তির তথ্যাদি TMS-এ Upload করা যাবে;

(২) একজন প্রশিক্ষণার্থী চাকুরী পাওয়ার ৭ দিনের মধ্যে অবশ্যই তার Job Placement সংক্রান্ত তথ্য TMS-এ upload করতে হবে;

(৩) Job Placement Data সংরক্ষণের ক্ষেত্রে PTIs বা IAs নিম্নোক্ত প্রমাণাদি সংরক্ষণ করবে:
(ক) Appointment Letter অথবা
(খ) Employers Certificate অথবা
(গ) Self Declaration Certificate (আত্ম-কর্মসংস্থানের ক্ষেত্রে) অথবা
(ঘ) Statement of Engagement by employer for a group of employees অথবা
(ঙ) অন্য যে কোন বাস্তব প্রমাণ।

অপর পাতা দ্রষ্টব্য

(ঘ) Milestone Claim সংক্রান্ত নির্দেশনা:

(১) 1st Milestone Claim: প্রশিক্ষণ কোর্সের enrollment সংক্রান্ত তথ্যাদি TMS-এ upload করার ১০ (দশ) দিনের মধ্যে SDCMU-তে 1st Milestone Claim দাখিল করতে হবে;

(২) 2nd Milestone Claim: Assessment সম্পন্ন হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে SDCMU-তে 2nd Milestone Claim দাখিল করতে হবে;

(৩) 3rd Milestone Claim: ৬০% বা তদুর্ধ্ব হারে Job placement অর্জিত হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে SDCMU-তে 3rd Milestone Claim দাখিল করতে হবে।

০২। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ইতোপূর্বে এ সংক্রান্ত জারিকৃত সকল আদেশ/নির্দেশনা বাতিল বলে গণ্য হবে।

৩০/০৫/২০১৮

( মোহাম্মদ ওয়ালিদ হোসেন )
সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক
(উপ-সচিব)
ফোনঃ ৫৫১৩৮৫৯৮-৯৯, ৫৫১৩৮৭৫৩-৫
ই-মেইলঃ walid6104@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। উপ-নির্বাহী প্রকল্প পরিচালক, পাবলিক / প্রাইভেট-১ / প্রাইভেট-২ / ফান্ড ম্যানেজমেন্ট, SEIP প্রকল্প, অর্থ বিভাগ।
০২। সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (সকল), SEIP প্রকল্প, অর্থ বিভাগ।
০৩। পরামর্শক (সকল), SEIP প্রকল্প, অর্থ বিভাগ।
০৪। ডেপুটি ম্যানজিং ডিরেক্টর, PKSF, আগারগাঁও, ঢাকা।
০৫। পরিচালক, EDC, BUTEX / EWU / BRACU, ঢাকা।
০৬। চীফ কো-অর্ডিনেটর, BB-SME, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৭। চীফ কো-অর্ডিনেটর, BACI / BTMA / BGMEA / BKMEA / LFMEAB / BEIOA / BASIS / BACCO / BWCCI / ISC (T&H)/ BAPA/ BIGM, ঢাকা।
০৮। চীফ কো-অর্ডিনেটর, AEOSIB, আক্তারুজ্জামান সেন্টার (১০ম তলা), ২১/২২, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম-৪১০০।
০৯। একাউন্টস্ অফিসার, SEIP প্রকল্প, অর্থ বিভাগ।
১০। কোয়ালিটি অ্যাসুরেন্স অফিসার (সকল), SEIP প্রকল্প, অর্থ বিভাগ।
১১। প্রকল্প কর্মকর্তা (সকল), SEIP প্রকল্প, অর্থ বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মহাপরিচালক, BMET, কাকরাইল, ঢাকা।
০২। মহাপরিচালক, DTE, আগারগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, BITAC, তেজগাঁও, ঢাকা।
০৪। চীফ টেকনিক্যাল এ্যাডভাইজার, Tappware Solutions Ltd., মিরপুর, ঢাকা।
০৫। পি.ও. -টু-জাতীয় প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০৬। পি.ও. -টু-নির্বাহী প্রকল্প পরিচালক, SEIP প্রকল্প, অর্থ বিভাগ।
০৭। অফিস কপি।